

## আইসিপিসি বিশ্ব চ্যাম্পিয়নশীপ ‘এশিয়া ওয়েস্ট অঞ্চলে’ চ্যাম্পিয়ন বুয়েট

আন্তর্জাতিক কলেজিয়েট প্রোগ্রামিং প্রতিযোগিতায় (আইসিপিসি) এশিয়ার পশ্চিম অঞ্চলে চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)। রাশিয়ার মস্কোতে গত ১-৫ অক্টোবর ২০২১ অনুষ্ঠিত ৪৪তম এ প্রতিযোগিতায় এশিয়া পশ্চিম অঞ্চলে রানার্স আপ হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)।

আইসিপিসির চূড়ান্ত প্রতিযোগিতায় বুয়েট দল প্রোগ্রামিংয়ে ৭টি সমস্যা সমাধান করে এশিয়া-ওয়েস্ট রিজিয়নে (পশ্চিমাঞ্চলে) প্রথম স্থান অর্জন করেছে। এছাড়া, ঢাবি দল ৬টি সমস্যা সমাধান করে অনার্স ক্যাটাগরিতে পুরস্কৃত হয়।

থেকে শুরু হওয়া এই প্রতিযোগিতায় সারা বিশ্বের ১২০টি বিশ্ববিদ্যালয়ের দল অংশ নেয়। এতে র্যাংকিংয়ে সার্বিকভাবে বুয়েট দলের অবস্থান ২৮তম। আর ৩৩তম হয়েছে ঢাবি। এছাড়া বাংলাদেশ থেকে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক সার্বিকভাবে ১১৭ তম স্থান অর্জন করেছে। ভারতের আইআইটি সার্বিকভাবে অর্জন করেছে ৩৭ তম স্থান। ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজি (এমআইটি) অর্জন করেছে নবম স্থান। সারা বিশ্বে চ্যাম্পিয়ন হয়েছে রাশিয়ার

প্রসঙ্গত, আইসিপিসি হলো আন্তর্জাতিক প্রোগ্রামিং প্রতিযোগিতা, যা প্রতিবছর সারাবিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে অনুষ্ঠিত হয়ে থাকে। প্রোগ্রামিং প্রতিযোগিতাগুলোর মধ্যে এটি সবচেয়ে পুরনো, বৃহৎ এবং মর্যাদাপূর্ণ প্রতিযোগিতার একটি। আগামী বছর এই প্রতিযোগিতার ৪৫ম আসর বসবে বাংলাদেশে, ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে।

এটি এমন এক প্রতিযোগিতা যেখানে বছরের শ্রেষ্ঠ মেধার প্রতিযোগিতা হয়। এটি স্নাতকোত্তর শিক্ষার্থীদের জন্য আসল অলিম্পিক গেমস। যেখানে দলগতভাবে সৃজনশীলতা ও উদ্ভাবন দ্বারা দ্রুততার সঙ্গে সমস্যা সমাধানের প্রতিযোগিতা হয়ে থাকে। প্রতিটি অংশগ্রহণকারী দলকে একটি কম্পিউটারের দশটি বা তার বেশি খুব জটিল সমস্যা দেওয়া হয়। সমস্যা সমাধানে শিক্ষার্থীদের ৫ ঘণ্টা সময় দেওয়া হয়।

প্রতিটি প্রতিযোগিতায় বাস্তব জীবনের ভিত্তিতে সমস্যাগুলো দেওয়া হয়ে থাকে। ১৯৭০ সালে টেক্সাসের এ এন্ড এম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

